আলমডাঙ্গায় মাদক ব্যবসায়ী ওল্টুর অত্যাচারে অতিষ্ঠ এলাকাবাসী

আলমডাঙ্গার বেলগাছীতে ওল্টুর মাদক কারবারে অতিষ্ঠ এলাকাবাসী। অভিযানের নামে সৃষ্ট প্রহসনে পুলিশ ও প্রশাসনের ভূমিকা নিয়ে প্রশ্ন উঠেছে। অবিলম্বে জোরালো অভিযান চালিয়ে ওল্টুকে গ্রেফতারের দাবি জানিয়েছেন এলাকাবাসী।

আলমডাঙ্গা উপজেলার বেলগাছী ইউনিয়নে দীর্ঘদিন ধরে প্রকাশ্যে মাদক বেচাকেনার অভিযোগ উঠেছে এক যুবকের বিরুদ্ধে।

অভিযুক্ত যুবকের নাম মো. ওল্টু (২৭)। তিনি উপজেলার বেলগাছী গ্রামের বাগানপাড়া এলাকার মৃত সাহেব আলীর ছেলে। গ্রামের মানুষের কাছে তিনি এখন ‘মাদক সম্রাট’ নামেই পরিচিত।

এলাকাবাসীর অভিযোগ, বছরের পর বছর ধরে ওল্টু গ্রামে মাদকের কারবার চালিয়ে আসছেন। পুলিশের তৎপরতা বাড়লে তিনি কিছুদিনের জন্য গা-ঢাকা দেন, আর অভিযান থেমে গেলেই আবার সক্রিয় হয়ে ওঠেন। বর্তমানে তিনি একাধিক ব্যক্তির মাধ্যমে মাদক ছড়িয়ে দিচ্ছেন বলেও অভিযোগ রয়েছে।

সবচেয়ে উদ্বেগের বিষয় হলো, এই অবৈধ ব্যবসায় স্কুলপড়ুয়া কিশোর ও মাদকাসক্তদের ব্যবহার করা হচ্ছে বলে অভিযোগ করেছেন স্থানীয়রা। তারাই মাদকের বাহক ও সরবরাহকারী হিসেবে কাজ করছে।

এলাকার বয়োজ্যেষ্ঠরা বলেন, একসময় বেলগাছীএলাকায় মাদক ব্যবসার মাধ্যমে আলোচিত ছিলেন ওল্টুর বড় ভাই বোমা কালাম। এখন সেই একই পথে হেঁটে ওল্টু এলাকায় মাদকের বিস্তার ঘটাচ্ছেন।

এলাকার একটি সূত্র জানায়, ওল্টু প্রকাশ্যে দাবি করেন, “আমি মাদক বিক্রি করব, কেউ আমাকে ধরতে পারবে না। পুলিশও না। আমি কৌশলে ব্যবসা করি, পুলিশ এলেও কিছু পাবে না।” তার এমন দাম্ভিকতায় গ্রামবাসীর মধ্যে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়েছে।

স্থানীয়রা বলছেন, এখনই কার্যকর ব্যবস্থা গ্রহণ না করলে বেলগাছীর তরুণ প্রজন্ম মাদকের ভয়াবহ ছোবলে ধ্বংস হয়ে যাবে। তারা পুলিশ

প্রশাসনের কাছে দাবি জানিয়েছেন, মাদকের এই গডফাদারকে দ্রুত গ্রেফতার করে এলাকাকে মাদকমুক্ত করা হোক।

এ বিষয়ে আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বাণী ইসরাইলের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বিষয়টি খতিয়ে দেখার আশ্বাস দেন।